**বাংলাদেশ লোক- প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র**
সাভার, ঢাকা- ১৩৪৩
www.bpatc.gov.bd

**বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০২৪ এ অঙ্গীকার 'স্মার্ট বাংলাদেশ: উন্নয়ন দৃশ্যমান বাড়বে এবার কর্মসংস্থান' এর আলোকে বিপিএটিসি'র করণীয় নির্ধারণী সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ আশরাফ উদ্দিন, রেক্টর
সভার তারিখ ও সময় : ৩০ জানুয়ারি ২০২৪, সকাল ১০:৩০ টা
সভার স্থান : আইটিসি'র কক্ষ নং ২০৬

সভার উপস্থিতি পতাকা 'ক' দ্রষ্টব্য।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০২৪ এর আলোকে বিপিএটিসি'র করণীয় নির্ধারণ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি কর্তৃক সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য পরিচালক (পিপিআর)-কে অনুরোধ জানানো হয়। পরিচালক (পিপিআর) সভায় বিভিন্ন বিষয় উপস্থাপন করেন যা নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সুপারিশ/প্রস্তাবসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | বিশেষ অগ্রাধিকার (নির্বাচনী ইশতেহার ২০২৪ অধ্যায়:-১) | সভায় নির্বাচনী ইশতেহার ২০২৪ এ উল্লিখিত ১১টি বিশেষ অগ্রাধিকার এর তালিকা উপস্থাপন করা হয়। পরিচালক (পিপিআর) ইশতেহার বিষয়ক একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন। এতে দেখা যায়, ডিজিটাল বাংলাদেশ হতে স্মার্ট বাংলাদেশে উত্তরণে সরকারের বিস্তারিত রূপরেখা রয়েছে। তন্মধ্যে স্মার্ট প্রশাসন গড়ে তোলা অন্যতম। এছাড়াও, পুরো ইশতেহার জুড়ে প্রায় প্রতিটি বিষয়ে সরকারের করণীয় রয়েছে। সামগ্রিক আলোচনায় সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, ইশতেহারে বর্ণিত ১১টি বিশেষ অগ্রাধিকারের মধ্যে ২ ও ৩ নং অগ্রাধিকার (কর্মোপযোগী শিক্ষা ও যুবকদের কর্মসংস্থান নিশ্চিত করা ও আধুনিক প্রযুক্তিনির্ভর স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা) বিপিএটিসি'র ম্যান্ডেটের সাথে সংগতিপূর্ণ। তবে সামগ্রিক ইশতেহার নিয়ে অনুষদ সদস্যদের ধারণা বাড়ানো প্রয়োজন। এমতাবস্থায়, সবাইকে ইশতেহার বিষয়ে অবহিত করার জন্য একটি সেমিনার আয়োজন করা যায়। | সরকারের নির্বাচনী ইশতেহার ২০২৪ তথা 'স্মার্ট বাংলাদেশ: উন্নয়ন দৃশ্যমান বাড়বে এবার কর্মসংস্থান' বিষয়ক সেমিনার আয়োজন করতে হবে। এ জন্য একটি কমিটি গঠন করে দায়িত্ব দিতে হবে। |
| ২. | সকল কোর্সে নির্বাচনী ইশতেহার ২০২৪ এর 'স্মার্ট বাংলাদেশ: উন্নয়ন দৃশ্যমান বাড়বে এবার কর্মসংস্থান' অন্তর্ভুক্তকরণ। | পরিচালক (পিপিআর) সভাকে অবহিত করেন, ইতোমধ্যে ২০২৪ সালে আয়োজিত সকল বিশেষ ও কোর কোর্সের পাঠক্রমে 'স্মার্ট বাংলাদেশ: উন্নয়ন দৃশ্যমান বাড়বে এবার কর্মসংস্থান' বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। | বিভিন্ন কোর্সে সেশন পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ (যেমন: নির্বাচনী ইশতেহার প্রণয়নে সম্পৃক্ত ব্যক্তি) কে আমন্ত্রণ জানাতে হবে। |
| ৩. | দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স ইশতেহারে উল্লিখিত "দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স" | বিভিন্ন কোর্সের পাঠক্রমে দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স বিষয়টি অন্তর্ভুক্ত করা যায়। দেখা যায় যে, কোর কোর্সের ক্ষেত্রে বুনিয়াদি এবং এসিএডিতে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক সরাসরি কোন সেশন নেই। তবে, এসএসসিতে 'Corruption and Unethical Practices in Governance and Development Combating Strategies' বিষয়ে সেশন পরিচালিত হয়। বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণের ক্ষেত্রে 'Combating Strategies' শীর্ষক ২ ঘন্টার সেশন পরিচালিত হয়। | দুর্নীতি প্রতিরোধ বিষয়ক সেশন বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স এবং এসিএডিতে অন্তর্ভুক্ত করতে হবে। |

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৪. | এসডিজি অর্জন এবং বাস্তবায়ন কৌশল (২০১৬-২০৩০) | বিপিএটিসি'তে আয়োজিত সকল কোর্সের পাঠক্রমে এসডিজি বিষয়ক মডিউল অন্তর্ভুক্ত আছে। উপরন্তু, পাঠক্রমের বিষয়সমূহ নির্বাচনী ইশতেহার ২০২৪ এ উপস্থাপিত বিষয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা যাচাই করে দেখা যায়। | কারিক্যুলাম ডেভেলপমেন্ট কমিটির সভায় বিস্তারিত আলোচনার জন্য উপস্থাপন করতে হবে। |
| ৫. | ডিজিটাল থেকে স্মার্ট বাংলাদেশ উত্তরণে ইশতেহার ২০২৪ | ক) সরকারের নির্বাচনী ইশতেহার ২০২৪ এর উপর বিপিএটিসি'র Expert team (যারা বিভাগীয় সেমিনারে বক্তা হতে পারবেন এবং বিভিন্ন কোর্সে সেশন পরিচালনা করতে পারবেন) গঠনে প্রশিক্ষণ প্রদান করা যায় বা প্যানেল ডিসকাশনের ব্যবস্থা করা যায়।<br><br>খ) প্রকল্পের আওতায় বিপিএটিসি বিভাগীয় শহরগুলোতে নির্বাচনী ইশতেহার ২০২৪ এবং সমসাময়িক আরও কিছু বিষয় অন্তর্ভুক্ত করে অন্যান্য অংশী প্রতিষ্ঠানসমূহে পূর্বের ন্যায় সেমিনার আয়োজন করা যায়।<br><br>গ) বিপিএটিসি'র অন্যতম একটি প্রাতিষ্ঠানিক উদ্দেশ্য হলো গবেষণা পরিচালনা করা এবং গবেষণালব্ধ ফলাফল থেকে সরকারের জন্য সুপারিশমালা প্রস্তুত করা। বর্তমানে এটি যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না, তদুপরি Research Findings Dessimination Seminar গুলোতেও মন্ত্রণালয়ের কোন কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হয় না। বিপিএটিসি'র গবেষণা অনুবিভাগ সরকারের বিভিন্ন অগ্রাধিকার এবং অঙ্গীকারসমূহ নিয়ে গবেষণা পরিচালনা করার বিষয়টি চলমান রাখতে পারে। | ক) নির্বাচনী ইশতেহার প্রণয়নের সাথে সম্পৃক্ত এবং মন্ত্রণালয়ে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গের সমন্বয়ে প্রাথমিকভাবে সেমিনারের আয়োজন করতে হবে।<br><br>খ) বিপিএটিসি'তে বর্তমানে কোন সংশ্লিষ্ট প্রকল্প চলমান না থাকলেও বাজেটের 'প্রশিক্ষণ খাত' থেকে ব্যয় নির্বাহ করে সেমিনার আয়োজনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।<br><br>গ) Research Findings Dessimination Seminar গুলোতে মন্ত্রণালয়ের কর্মকর্তাকে আমন্ত্রণ জানাতে হবে। এ বিষয়ে গবেষণা অনুবিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/০২/২০২৪

(মোঃ আশরাফ উদ্দিন)
রেক্টর

নং-০৫.০১.২৬৭২.১৩৩.১৮.০০২.১৮. ৮০৮

তারিখ: ২১ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

১। অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;
২। সহকারী প্রোগ্রামার-৪, বিপিএটিসি, সাভার, ঢাকা (কেন্দ্রের তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধের জন্য);
৩। পিএ টু রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪। সংশ্লিষ্ট নথি।

২১/০২/২০২৪

(হাসান মূর্তাজা মাসুম)
পরিচালক (পিপিআর)